# বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ

## আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ ও বাণিজ্যকৃত দেহাংশ সনাক্তকরণ গাইড




বন অধিদপ্তর

SUFAL

THE WORLD BANK
IBRD • IDA | WORLD BANK GROUP

Wildlife Conservation Society

# বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ - আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ ও বাণিজ্যকৃত দেহাংশ সনাক্তকরণ গাইড

বন অধিদপ্তর
ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ - আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ ও বাণিজ্যকৃত দেহাংশ সনাক্তকরণ গাইড

প্রথম সংস্করণ: জুন, ২০২২
প্রকাশনা: বাংলাদেশ বন অধিদপ্তর ও ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি, বাংলাদেশ।
চিত্রকর্ম: © Marc Dando – Wild Nature Press

© ২০২২ বাংলাদেশ বন অধিদপ্তর।
© ২০২২ ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি, বাংলাদেশ।

এই গ্রন্থটি কেবলমাত্র শিক্ষণীয় বা অলাভজনক উদ্দেশ্যে অপরিবর্তিত অবস্থায় যথাযথ উৎস উল্লেখ করে ব্যবহার ও মুদ্রণ করা যেতে পারে। এই গ্রন্থটির সকল চিত্রকর্মের স্বত্ব মার্ক ড্যান্ডো কর্তৃক গ্রন্থস্বত্ব আইনে সংরক্ষিত এবং তার লিখিত অনুমতি ব্যতিত কোনোভাবেই এর অনুলিপি তৈরি, পুনরুৎপন্ন কিংবা প্রচার করা যাবে না। সকল আলোকচিত্রের স্বত্ব ডাব্লিউসিএস বা পৃথক আলোকচিত্রী বহন করে।

পুনঃবিক্রয় কিংবা যেকোনো বাণিজ্যিক উদ্দেশ্যে গ্রন্থটি ব্যবহার করা যাবে না।

গ্রন্থসূত্র: বাংলাদেশ বন অধিদপ্তর এবং ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি (ডাব্লিউসিএস)। ২০২২। বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ - আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ ও বাণিজ্যকৃত দেহাংশ সনাক্তকরণ গাইড। বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, এবং ওয়াইল্ডলাইফ কনজারভেশন সোসাইটি, ঢাকা, বাংলাদেশ।

রচনা ও সম্পাদনা
এলিজাবেথ ফাহ্‌রনি মনসুর, জি. এম. মাসুম বিল্লাহ, নাদিম পারভেজ, মোহাম্মদ শামসুদ্দোহা, আশিক জাহান গালিব, নাঈম খন্দকার, হাফেজ আহমদ, রবিউল কাউসার, রাসেল মিয়া, মোঃ আরাফাত রহমান খান, এবং ব্রায়ান ডি. স্মিথ।

অলংকরণ ও চিত্রায়ণ
মোঃ আরাফাত রহমান খান ও এলিজাবেথ ফাহ্‌রনি মনসুর।

এই সনাক্তকরণ গাইডটি ডাব্লিউসিএস বাংলাদেশ কর্তৃক টেকসই বন ও জীবিকা (SUFAL) প্রকল্প চুক্তির (Package SD-39) আওতায় এবং আংশিকভাবে শার্ক কনজারভেশন ফান্ডের আর্থিক সহায়তায় তৈরি করা হয়েছে। পাখনা সনাক্তকরণ অংশ ডেব্রা এল. এ্যাবারক্রোম্বি এবং শিংচোয়াইন এর ফুলকাপ্লেট অংশ ড্যানিয়েল ফারনান্ডো এবং গাই স্টিভেন কর্তৃক সম্পাদিত কাজ থেকে উপযোজন করা হয়েছে।

গাইডটির ইংরেজী ও বাংলা সংস্করণ বিনামূল্যে ডাউনলোড করুন www.bforest.gov.bd এবং www.bangladesh.wcs.org ওয়েবসাইট থেকে।

# কৃতজ্ঞতা

টেকসই বন ও জীবিকা (SUFAL) প্রকল্প চুক্তির আওতায় এই সনাক্তকরণ গাইডটি তৈরি করতে সহযোগিতা করার জন্য বাংলাদেশ বন অধিদপ্তরের প্রতি ডাব্লিউসিএস বাংলাদেশ বিশেষভাবে কৃতজ্ঞ। আমরা আরো কৃতজ্ঞতা প্রকাশ করছি শার্ক কনজারভেশন ফান্ড -এর প্রতি যাদের আর্থিক সহযোগিতায় এই গাইডটিতে বিখ্যাত চিত্রকর মার্ক ড্যান্ডো এর চিত্রকর্ম ব্যবহার করা হয়েছে এবং সেন্টার ফর এনভায়রনমেন্ট, ফিশারিজ এন্ড অ্যাকুয়াকালচার সায়েন্স (CEFAS) -এর প্রতি যারা গাইডটি মুদ্রণে আর্থিক সহযোগিতা প্রদান করেছেন।

গাইডটিতে মূল্যবান মতামত ও সহায়ক পরামর্শ প্রদানের জন্য আমরা ডেব্রা এল. এ্যাবারক্রোম্বি ও আলিফা বিনতে হককে বিশেষ ধন্যবাদ জানাচ্ছি। গাইডটি প্রস্তুতে লুক ওয়ারউইকের অসামান্য অবদানের জন্য আমরা তার প্রতিও বিশেষ কৃতজ্ঞ।

# সূচি


হাঙ্গর ও শাপলাপাতা মাছের পরিচিতি এবং এদের বিলুপ্তির ঝুঁকিসমূহ ১
- হাঙ্গর ও শাপলাপাতা মাছের পরিচিতি ১
- হাঙ্গর ও শাপলাপাতা মাছ কেন বিলুপ্তির ঝুঁকিতে রয়েছে? ২
- হাঙ্গর ও শাপলাপাতা মাছ রক্ষা করা কেন জরুরী? ৩
- কিভাবে আমরা বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ রক্ষা করতে পারি? ৩

গাইডটি ব্যবহারের উপায় ৪
হাঙ্গরের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ ৬
শাপলাপাতা মাছের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ ৮
পরিভাষা ১১
আইনে সুরক্ষিত বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ ১২
বাংলাদেশে প্রাপ্ত হাঙ্গরের প্রজাতিসমূহের বর্গ ও গোত্র সনাক্তকরণের উপায় ১৫
বাংলাদেশে প্রাপ্ত শাপলাপাতা মাছের প্রজাতিসমূহের বর্গ ও গোত্র সনাক্তকরণের উপায় ১৮
হাঙ্গরের প্রজাতিসমূহ সনাক্তকরণ ২২
- একই রকম দেখতে হাঙ্গরের প্রজাতিসমূহ সনাক্তকরণ ৪৫

শাপলাপাতা মাছের প্রজাতিসমূহ সনাক্তকরণ ৫০
- একই রকম দেখতে শাপলাপাতা মাছের প্রজাতিসমূহ সনাক্তকরণ ৮৭

সচরাচর বাণিজ্যকৃত হাঙ্গর ও শাপলাপাতা মাছের দেহাংশ সনাক্তকরণ ৯৬
- পাখনা ৯৬
- শিংচোয়াইন মাছের ফুলকাপ্লেট ১০৬
- চামড়া ১০৯
- মাংস ১১০
- বাণিজ্যকৃত হাঙ্গর ও শাপলাপাতা মাছের অন্যান্য দেহাংশ ১১১

হাঙ্গর ও শাপলাপাতা মাছকে নিরাপদে অবমুক্তকরণ পদ্ধতি ১১২
তথ্যসূত্র ১১৪



© Noel Lopez/WCS

# হাঙ্গর ও শাপলাপাতা মাছের পরিচিতি

হাঙ্গর ও শাপলাপাতা মাছ ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। এদের কঙ্কাল আমাদের কানের মতো নরম হাড় দিয়ে তৈরি। এদের চর্বিযুক্ত বড় যকৃৎ থাকে যা দিয়ে এরা পানিতে ভেসে থাকা নিয়ন্ত্রণ করে। শ্বাস নেওয়ার জন্য এরা খোলা ফুলকাছিদ্র ব্যবহার করে। এ ফুলকাছিদ্রগুলো হাঙ্গরদের ক্ষেত্রে দেহের পাশে তবে শাপলাপাতা মাছের ক্ষেত্রে দেহের নিচতলে অবস্থিত। কিছু প্রজাতি বিশেষ ধরনের মাংসপেশীর সাহায্যে ফুলকাছিদ্র দিয়ে পানি প্রবেশ করিয়ে শ্বাস নেয় তবে অন্যদের শ্বাস নেওয়ার জন্য অনবরত চলতে হয়।

তিমি হাঙ্গর ও শিংচোয়াইন মাছ পালক-সদৃশ ফুলকা দিয়ে পানি থেকে ক্ষুদ্রাতিক্ষুদ্র জীব ছেঁকে খায়। তবে বেশিরভাগ হাঙ্গর ও শাপলাপাতা মাছ ক্ষিপ্র শিকারি যারা স্পর্শক্ষমতা, গন্ধশক্তি, শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তি ব্যবহার করে শিকারকে সনাক্ত করে এবং তীক্ষ্ণ দাঁত সম্পন্ন শক্তিশালী চোয়াল দিয়ে শিকারকে ধরে।

হাঙ্গর ও শাপলাপাতা মাছের শরীর ক্ষুদ্রাকৃতির অসংখ্য আঁশ দিয়ে আচ্ছাদিত হওয়ায় এদের বাইরের চামড়া অত্যন্ত শক্ত যা শিকারি প্রাণীদের থেকে রক্ষা করতে ও দ্রুত সাতার কাটতে সাহায্য করে। কিছু প্রজাতি দলবদ্ধভাবে চলাচল করে, অন্যরা একা থাকতে পছন্দ করে।

বেশিরভাগ হাঙ্গর ও শাপলাপাতা মাছ দেরিতে ও স্বল্প সংখ্যক বাচ্চা দেয় যেগুলো পাপ্‌স নামে পরিচিত। স্ত্রী হাঙ্গরেরা পরিণত বাচ্চা দেয়। কিছু হাঙ্গর ও বেশিরভাগ শাপলাপাতা মাছের ক্ষেত্রে পাপ্‌সগুলো মায়ের পেটের ভিতরে ডিম থেকে জন্ম নেয়। পাপ্‌সগুলো তাদের সাথে যুক্ত থাকা ডিমের বড় কুসুম থেকে খাবার গ্রহণ করে এবং কুসুম শেষ হলে জন্ম নেয়। অন্যান্য স্ত্রী হাঙ্গর ও শাপলাপাতা মাছ চামড়া-সদৃশ আবরণযুক্ত থলেতে ডিম দেয় যেখানে পাপ্‌সগুলো বড় হয় এবং সেখান থেকে জন্ম নেয়। বেশিরভাগ হাঙ্গর ও শাপলাপাতা মাছ সুরক্ষিত আবাসস্থলে বাচ্চা দেয় যেখানে শিকারী প্রাণীদের বিচরণ কম। জন্মের পর মায়ের কাছ থেকে পাপ্‌সগুলোর আর কোনো যত্নের প্রয়োজন হয় না।




অণুবীক্ষণ যন্ত্রে দেখতে পাওয়া বড় হাতুড়ি হাঙ্গর *Sphyrna mokarran* -এর আঁশ

# হাঙ্গর ও শাপলাপাতা মাছ কেন বিলুপ্তির ঝুঁকিতে রয়েছে?

হাঙ্গর ও শাপলাপাতা মাছ অতিরিক্ত মৎস্য আহরণের কারণে বিলুপ্তির ঝুঁকিতে রয়েছে কারণ এরা ধীরে বড় হয় এবং দেরিতে ও স্বল্প সংখ্যক বাচ্চা দেয়। সুতরাং, প্রাকৃতিকভাবেই আমাদের নদী ও সাগরে অন্যান্য মাছের তুলনায় হাঙ্গর ও শাপলাপাতা মাছের সংখ্যা কম।

এখন পর্যন্ত অতিরিক্ত মৎস্য আহরণই বিশ্বব্যাপী হাঙ্গর ও শাপলাপাতা মাছের জন্য সবচেয়ে মারাত্মক হুমকি। বিশ্বব্যাপী হাঙ্গর ও শাপলাপাতা মাছের প্রজাতির প্রায় এক-তৃতীয়াংশ এবং বাংলাদেশে রেকর্ডকৃত বা পাওয়া যেতে পারে এমন প্রজাতিসমূহের অর্ধেকেরও বেশি আজ বিলুপ্তির হুমকির সম্মুখীন।

হাঙ্গর ও শাপলাপাতার মাছের পাখনা, ফুলকাছিদ্র এবং চামড়া অন্যান্য দেশে অত্যন্ত মূল্যবান। বাংলাদেশেরও কিছু মানুষ এদের মাংস খায়। একারণে মৎস্যজীবীরা তাদের জালে আটকে পড়া হাঙ্গর ও শাপলাপাতা মাছ রেখে দিচ্ছে, এমনকি টার্গেট করে ধরছে যদিও তারা এগুলোকে নিরাপদে অবমুক্ত করতে পারতো।



কক্সবাজার মৎস্য অবতরণকেন্দ্রে স্তুপাকারে রাখা মহাবিপন্ন (CR) নাগুলা/পিতাম্বরি *Glaucostegus spp.*

## হাঙ্গর ও শাপলাপাতা মাছ রক্ষা করা কেন জরুরী?

হাঙ্গর ও শাপলাপাতা মাছ সাগরকে সুস্থ রাখতে নানা অবদান রাখে যা পরোক্ষভাবে জনগণকে সুস্থ রাখে। তবে এদেরকে সুরক্ষিত রাখতে জোরালো পদক্ষেপ না নিলে সম্ভবত চিরতরে হারিয়ে যাবে। আর হাঙ্গর ও শাপলাপাতা মাছের বিলুপ্তি আমাদের প্রয়োজনীয় মাছের যোগান এবং পরবর্তী প্রজন্মের জন্য মাছের প্রাপ্যতাকে কমাবে, পাশাপাশি যেসকল মৎস্যজীবী আমাদের খাবারের থালায় মাছ পৌঁছে দেয় তাদের জীবিকাও ধ্বংস করবে।

## কিভাবে আমরা বাংলাদেশের হাঙ্গর ও শাপলাপাতা মাছ রক্ষা করতে পারি?

বিশ্বব্যাপী বিলুপ্তির ঝুঁকিতে থাকা হাঙ্গর ও শাপলাপাতা মাছ বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিত সংরক্ষিত হাঙ্গর ও শাপলাপাতা মাছের প্রজাতিসমূহ হত্যা, স্থলে অবতরণ, ক্রয়-বিক্রয় বা খাওয়া দণ্ডনীয় অপরাধ এবং ১ বৎসর পর্যন্ত কারাদণ্ড বা ৫০ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ড হতে পারে।

এই সনাক্তকরণ গাইডটি সংরক্ষিত প্রজাতিসমূহ সনাক্ত করতে এবং এদেরকে নিরাপদে অবমুক্ত করার উপায় জানতে সাহায্য করবে। হাঙ্গর ও শাপলাপাতা মাছ বা এদের দেহাংশসহ আইনে সুরক্ষিত অন্যান্য বন্যপ্রাণী হত্যা, শিকার, ক্রয়-বিক্রয় বা খাওয়া বন্ধ করুন।



বলি/ঘ-বলি হাঙ্গর *Carcharhinus leucas*
বাংলাদেশের আইনে কঠোরভাবে রক্ষিত

© Emily Darling/WCS

# গাইডটি ব্যবহারের উপায়

বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ দ্বারা সুরক্ষিত, বিপন্ন প্রজাতির প্রাণী ও উদ্ভিদের আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক কনভেনশন, সাইটিস (CITES) দ্বারা আন্তর্জাতিক বাণিজ্যের জন্য নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত, এবং একই রকম দেখতে হাঙ্গর ও শাপলাপাতা মাছের প্রজাতি ও এদের বাণিজ্যকৃত দেহাংশ সনাক্ত করতে প্রয়োজনীয় বৈশিষ্ট্য সম্বলিত চিত্র (পৃষ্ঠা ৬-১০) এই গাইডটিতে বর্ণনা করা হয়েছে।

সংশ্লিষ্ট আইনগুলোর সংক্ষিপ্ত বিবরণ ১২-১৩ পৃষ্ঠায় এবং আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ নিরাপদে অবমুক্ত করার পদ্ধতি ১০৭-১০৮ পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

| | |
|---|---|
| স্থানীয় বাংলা নাম/বিকল্প নাম | ব্যাঙ হাঙ্গর/গোলনাক পিতাম্বরি |
| ইংরেজি নাম (বিকল্প নাম) | **Bowmouth guitarfish (Shark ray)** |
| বৈজ্ঞানিক নাম | *Rhina ancylostoma* |
| গ্লোবাল আইইউসিএন (IUCN) রেড লিস্টে সংরক্ষণ অবস্থা, জাতীয় সংরক্ষণ অবস্থা, আন্তর্জাতিক বাণিজ্য অবস্থা (CITES) | CR, CITES II |
| দেহের দৈর্ঘ্য (TL) বা দেহচাকতির প্রস্থ (DW) সেন্টিমিটারে জন্মের সময়, প্রাপ্তবয়স্ক পুরুষ ♂, প্রাপ্তবয়স্ক মহিলা ♀, সর্বোচ্চ দৈর্ঘ্য/ অজানা (?) | TL: জন্ম = ৪৬-৪৮, প্রাপ্তবয়স্ক ♂ = ১৫০-১৭৫, প্রাপ্তবয়স্ক ♀ = ১৮০, সর্বোচ্চ = ২৭০ |
| আবাসস্থল | |



## সংরক্ষণ অবস্থা
### আইইউসিএন রেড লিস্ট*

ঝুঁকিপূর্ণ

**CR** **মহাবিপন্ন** (Critically Endangered)
বিলুপ্ত হয়ে যাওয়ার চূড়ান্ত ও সর্বোচ্চ ঝুঁকিতে রয়েছে।

**EN** **বিপন্ন** (Endangered)
বিলুপ্ত হয়ে যাওয়ার চরম ও সর্বোচ্চ ঝুঁকিতে রয়েছে।

**VU** **সংকটাপন্ন** (Vulnerable)
বিলুপ্ত হয়ে যাওয়ার সর্বোচ্চ ঝুঁকিতে রয়েছে।

**NT** **প্রায় সংকটাপন্ন** (Near Threatened)
নিকট ভবিষ্যতে বিপদাপন্ন তালিকাভুক্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

**LC** **সংকটাপন্ন নয়** (Least Concern)
প্রকৃতিতে এদের অবস্থান বিস্তৃত ও যথেষ্ট পরিমাণে দেখা মেলে।

**DD** **তথ্যের অভাব** (Data Deficient)
প্রকৃতিতে এদের সংখ্যা ও বিন্যাস বিষয়ক তথ্য অপর্যাপ্ত।

যেসকল প্রজাতিসমূহের আইইউসিএন লাল তালিকা অনুযায়ী অবস্থান দেওয়া নেই সেগুলোর বিলুপ্তির ঝুঁকি এখনো মূল্যায়ন করা হয়নি। (জুন ২০২২ অনুযায়ী)

## জাতীয় আইনি অবস্থা
### বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২

**তফসিল ১** **তফসিল ২**

রক্ষিত - হত্যা, স্থলে অবতরণ, ক্রয়-বিক্রয় বা খাওয়া শাস্তিযোগ্য অপরাধ

## বিপন্ন প্রজাতির প্রাণী ও উদ্ভিদের আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক কনভেনশন (CITES)*

**CITES I** **সাইটিস পরিশিষ্ট ১**
**কঠোরভাবে রক্ষিত**
আমদানি বা রপ্তানি করা নিষেধ।

**CITES II** **সাইটিস পরিশিষ্ট ২**
**কঠোরভাবে নিয়ন্ত্রিত**
আমদানি বা রপ্তানি করতে সাইটিস সনদ প্রয়োজন।

*সঠিক সাইটিস সনদ ছাড়া যেকোনো চালানের ক্ষেত্রে সাইটিস তালিকাভুক্ত প্রজাতির নমুনা বা দেহাংশ সনাক্তকরণ উক্ত চালান আটকে রাখার সম্ভাব্য কারণ হিসেবে যথেষ্ট।

## আবাসস্থল

**মিঠাপানি**
জীবদ্দশার পুরোটা বা আংশিক সময় প্রাকৃতিকভাবে প্রবাহমান মিঠাপানির নদী যা সমুদ্রের দিকে প্রবাহিত হয় সেখানে বাস করে।

**মোহনা**
জীবদ্দশার পুরোটা বা আংশিক সময় মোহনা অঞ্চল যেখানে মিঠা পানির নদী ও সমুদ্র মিলিত হয় সেখানে বাস করে।

**ম্যানগ্রোভ সংশ্লিষ্ট**
জীবদ্দশার পুরোটা বা আংশিক সময় ম্যানগ্রোভ বনাঞ্চলের জোয়ারভাটা প্রবণ খাল ও নদীতে বাস করে।

**খোলা সমুদ্র**
জীবদ্দশার পুরোটা বা আংশিক সময় উপকূল থেকে দূরে খোলা সমুদ্রে অতিবাহিত করে।

**প্রবাল সংশ্লিষ্ট**
জীবদ্দশার পুরোটা বা আংশিক সময় প্রবাল এলাকায় বা আশেপাশে অতিবাহিত করে।

### একক রূপান্তর

১ বাম = ৩.৫ হাত
১ হাত = ১.৫ ফুট
১ ফুট = ১২ ইঞ্চি
১ মিটার = ৩৯.৪ ইঞ্চি
১ ইঞ্চি = ২.৫ সেন্টিমিটার
১ মিটার = ১০০ সেন্টিমিটার

# হাঙ্গরের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ






# হাঙ্গরের সনাক্তকরণ বৈশিষ্ট্যসমূহ

## পাখনা




## নাকের বর্ধিতাংশের আকৃতি




## নাকের বর্ধিতাংশের বৈশিষ্ট্যসমূহ




## লেজপাখনার আকার



# শাপলাপাতা মাছের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ



# শাপলাপাতা মাছের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ

## শিংচোয়াইন






# শাপলাপাতা মাছের সনাক্তকারী বৈশিষ্ট্যসমূহ

## করাত, পিতাম্বরি ও কারেন্ট মাছ

### পিঠের দিক




### বুকের দিক






# পরিভাষা

| সহজ বাংলা পরিভাষা | ইংরেজি পরিভাষা | ব্যাখ্যা/সংজ্ঞা |
| --- | --- | --- |
| মুক্ত প্রান্ত | Free rear tips | পাখনার গোঁড়ার দিকের প্রান্ত যা দেহ বা লেজের সাথে সংযুক্ত নয়। |
| দাঁড়ি | Whiskers/Barbel | মুখের কিনারা থেকে বের হওয়া মোটা সুতার মতো সংবেদী অঙ্গ যা শিকার খুঁজে পেতে ব্যবহৃত হয়। |
| মুখের চারপাশের ছোট ছিদ্র | Hyomandibular pore/ small holes around the mouth | মুখের কিনারার চারপাশে অসংখ্য ক্ষুদ্র ছিদ্র যেগুলো সংবেদনশীল ও উত্তেজনা তৈরিতে ব্যবহৃত হয়। |
| অমসৃণ চামড়া | Rough skin patches | দাঁতের মতো দেখতে আঁশকাঁটাগুলো যখন একত্রিত বা কাছাকাছি থাকে। |
| শ্বাসরন্ধ্র | Spiracles | ফুলকাছিদ্রের পানি অপসারণের জন্য দুই চোখের মাঝে অবস্থিত দু'টি ছিদ্র। |
| উঁচু রেখা | Ridge | শরীরের তল থেকে উঁচু রেখা। প্রথম ও দ্বিতীয় পিঠপাখনার মাঝে অবস্থিত হলে এটিকে মধ্যরেখা বলে। |
| খাঁজ | Groove | শরীরের তল থেকে নিচু খাঁজ। লেজপাখনার গোঁড়ায় অবস্থিত হলে একে লেজের গোঁড়ার খাঁজ বলে। |
| সুউচ্চ রেখা | Keel | পানিতে ভারসাম্য রক্ষার জন্য দেহের দু'পাশে শরীরের তল থেকে উঁচু সুউচ্চ রেখা, যা নৌকার নীচের দিকের উঁচু রেখার মতো দেখতে। |
| মধ্যরেখা | Mid-line | দেহের সামনে থেকে পিছন পর্যন্ত বিস্তৃত নাকের বর্ধিতাংশ ও পিঠ বরাবর রেখা। |
| চিহ্ন/দাগ | Mark | অস্পষ্ট রঙের ছোপ বা অংশ। |
| ফোঁটা | Spot | সুস্পষ্ট রঙের অংশ। |
| ডোরাকাটা দাগ | Stripe | সরু ভিন্ন রঙের দাগ যা চামড়ার সার্বিক রঙ থেকে ভিন্ন। |
| দলবদ্ধ হয়ে চলাচল | Schooling | যখন তারা সবাই একই দিকে, একই গতিতে ও একই সময়ে দলবদ্ধ হয়ে চলে। |
| গর্ভবতী | Pregnant, gravid | পেটে বাচ্চা ধারণকৃত অবস্থা। |
| পায়ু ও স্ত্রী জননাঙ্গ | Cloaca | মল ও মুত্র ত্যাগ এবং স্ত্রীদের জনন কাজে ব্যবহৃত ছিদ্র। |

# বাংলাদেশে সংরক্ষিত হাঙ্গর ও শাপলাপাতা মাছ

বিশ্বব্যাপী বিপন্ন প্রজাতির হাঙ্গর ও শাপলাপাতা মাছের বিলুপ্তির ঝুঁকি কমানোই হচ্ছে প্রজাতি সুরক্ষা সম্পর্কিত বিধিমালার লক্ষ্য।

বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর অধীনে বিপন্ন প্রজাতির হাঙ্গর ও শাপলাপাতা মাছ সুরক্ষিত। বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইনের তফসিল ১ ও ২ -এ অন্তর্ভুক্ত প্রজাতিসমূহ হত্যা, স্থলে অবতরণ বা এদের দেহাংশ ক্রয়-বিক্রয় বা খাওয়া শাস্তিযোগ্য অপরাধ।

সাইটিস (CITES) পরিশিষ্ট ২ অন্তর্ভুক্ত প্রজাতিসমূহ, এদের দেহাংশ বা তৈরিকৃত পণ্য শুধুমাত্র বৈধ অনুমতি বা পারমিট নিয়ে রপ্তানি করা যাবে।

আইনে সুরক্ষিত প্রজাতিসমূহ সনাক্ত করে এদের হত্যা, স্থলে অবতরণ, ক্রয়-বিক্রয় বা খাওয়া বন্ধ করে আপনিও পারেন এদের টিকে থাকা নিশ্চিত করতে।

## বাংলাদেশ বন্যপ্রাণী আইনে তফসিল ২ অন্তর্ভুক্ত প্রজাতিসমূহ

রেশমি/সিল্কি হাঙ্গর CITES II
**SILKY SHARK**
*Carcharhinus falciformis*



বাঘা/চিত্রা হাঙ্গর
**TIGER SHARK**
*Galeocerdo cuvier*



সাদা/কালো/ফোঁটালেজী/লতা বলি/বলি হাঙ্গর
**REQUIEM SHARKS**
*Carcharhinus amblyrhynchoides/brevipinna/sorrah/limbatus/melanopterus*



শাঁখাদাঁত/শিয়াল বলি হাঙ্গর
**SNAGGLETOOTH SHARK**
*Hemipristis elongata*



সজারু শাপলাপাতা
**PORCUPINE RAY**
*Urogymnus asperrim*



চিত্র ঠোঁট্যা/ফুল টুইটা ঘাপরি
**SPOTTED EAGLE RAY**
*Aetobatus ocellatus*



ডোরাকাটা ঠোঁট্যা/টুইটা ঘাপরি/শঙ্খচিল
**BANDED EAGLE RAY**
*Aetomylaeus nichofii*



চিত্রা/বাঘা শাপলাপাতা
**PATTERNED STING RAYS**
*Himantura leoparda/uarnak/undulata*



পদুনি/প্রজাপতি শাপলাপাতা
**BUTTERFLY RAYS**
*Gymnura spp.*



কারেন্ট মাছ
**PATTERENED NUMBFISHES**
*Narcine spp.*



# বাংলাদেশ বন্যপ্রাণী আইনে তফসিল ১ অন্তর্ভুক্ত প্রজাতিসমূহ

**করাত মাছ/খটক/খান্দা মাগর/আইস্যা**
SAWFISHES
*Anoxypristis cuspidata/Pristis* spp.



**হাতুড়ি/কাউন্না হাঙ্গর**
HAMMERHEAD SHARKS CITES II
*Sphyrna* spp./*Eusphyra blochii*



**কান্তে হাঙ্গর**
THRESHER SHARKS CITES II
*Alopias* spp.



**ম্যাকো হাঙ্গর**
MAKO SHARKS CITES II
*Isurus* spp.



**সাদাটুপি হাঙ্গর**
OCEANIC WHITETIP SHARK CITES II
*Carcharhinus longimanus*



**তিমি হাঙ্গর**
WHALE SHARK CITES II
*Rhincodon typus*



**গাঙ্গেয়/বড়পাখ চিনারি হাঙ্গর**
GANGES/BROADFIN SHARK
*Glyphis gangeticus/Lamiopsis temminckii*



**ভোঁতা/ঘ-বলি হাঙ্গর**
PIGEYE/BULL SHARK
*Carcharhinus amboinensis/leucas*



**শিংচোয়াইন/লুইমনি**
MANTA & DEVIL RAYS CITES II
*Mobula* spp.



**পিতাম্বরি/নাঙলা**
GUITARFISHES CITES II
*Glaucostegus/Rhinobatos* spp.



**পিতাম্বরি/নাঙলা**
WEDGEFISHES CITES II
*Rhynchobatus* spp.



**ব্যাঙ হাঙ্গর**
BOWMOUTH GUITARFISH CITES II
*Rhina ancyclostoma*



**বড়মাথা ঠোঁট্যা/টুইটা ঘাপরি**
LONGHEAD EAGLE RAY
*Aetobatus flagellum*



**পাইন্না শাপলাপাতা**
GIANT FRESHWATER WHIPRAY
*Urogymnus polylepis*



**রাম্মি/চুনি শাপলাপাতা**
BLEEKER'S WHIPRAY
*Pateobatis bleekeri*



**থ্যাবড়ানাক থাইন/হাঙরাইল**
ROUGHNOSE COWTAIL RAY
*Pastinachus solocirostris*



**ফুল/জাতি শাপলাপাতা**
WHITESPOTTED WHIPRAY
*Maculabatis gerrardi*



**ভোঁতা ঘাপরি**
COWNOSE RAYS
*Rhinoptera* spp.



**চিত্রা/ফুল ঠোঁট্যা/টুইটা ঘাপরি**
MOTTLED/OCELLATE EAGLE RAY
*Aetomylaeus* spp.




CR
CITES II
খাঁজকাটা হাতুড়ি হাঙ্গর
Scalloped hammerheads
Sphyrna lewini

# বাংলাদেশে প্রাপ্ত হাঙ্গরের প্রজাতিসমূহের বর্গ ও গোত্র সনাক্তকরণের উপায়

## কাস্তে, ম্যাকো ও ধূসর হাঙ্গর LAMNIFORMES

৫ জোড়া ফুলকাছিদ্র, ২টি পিঠপাখনা, পায়ুপাখনা, মুখ চোখের বরাবর থেকে সম্মুখে প্রসারিত, চোখের ভিতরের পর্দা অস্বচ্ছ

### কাস্তে হাঙ্গর
**Thresher sharks**
Alopiidae



- লেজের উপরের পাখনা অনেক লম্বা
- দ্বিতীয় পার্শ্বপাখনা আকারে প্রায় প্রথম পিঠপাখনার সমান
- দেহে কোনো উঁচু রেখা নেই

কাস্তে হাঙ্গর আকারে বেশ বড়। এদের লেজের উপরের পাখনা কাস্তে আকৃতির যা লম্বায় দেহের দৈর্ঘ্যের সমান বা বেশি হয়। এসকল শক্তিশালী সাঁতারুদের চোখ তুলনামূলক বড়, মুখ ছোট, এবং প্রথম পার্শ্বপাখনা দীর্ঘ হয়।

প্রাপ্তবয়স্ক কাস্তে হাঙ্গর গভীর খোলা সমুদ্রে বিচরণ করে তবে বাচ্চা দিতে উপকূলীয় অগভীর পানিতে আসে। অল্পবয়স্ক কাস্তে হাঙ্গর পরিণত হওয়ার আগ পর্যন্ত অগভীর পানিতে থাকে। এরা সাধারণত দলবদ্ধ হয়ে চলাচল করা মাছ, স্কুইড এবং কখনও কখনও কাটলফিশ শিকার করে। শিকারকে আঘাত করতে এরা লম্বা লেজ ব্যবহার করে।

(২২-২৩ পৃষ্ঠায় দেখুন)

### ম্যাকো হাঙ্গর
**Mackerel sharks**
Lamnidae



- অর্ধচন্দ্রাকৃতির লেজ
- মুখ বন্ধ থাকলেও দাঁত দেখা যায়
- মুখ চোখের বরাবর থেকে সম্মুখে প্রসারিত
- পাঁচ জোড়া ফুলকাছিদ্র মাথার উপরিতল পর্যন্ত প্রসারিত
- দেহের পাশে শক্ত সুউচ্চ রেখা রয়েছে

ম্যাকো হাঙ্গর দ্রুতগতি সম্পন্ন এবং মুখ বন্ধ অবস্থায় বের হয়ে থাকা সরু দাঁত দেখে সহজে চিহ্নিত করা যায়। এদের মুখ চোখের বরাবর থেকে সম্মুখে এবং লম্বা ফুলকাছিদ্রগুলো মাথার উপরিতল পর্যন্ত প্রসারিত। এদের প্রথম পিঠপাখনা লম্বা ও বড় এবং দ্বিতীয় পিঠপাখনা তুলনামূলকভাবে বেশ ছোট। এদের অর্ধচন্দ্রাকৃতির লেজপাখনার গোঁড়া থেকে দেহের পাশ বরাবর শক্ত সুউচ্চ রেখা রয়েছে।

ম্যাকো হাঙ্গর মহাসাগরের নাতিশীতোষ্ণ অঞ্চলে বাস করে এবং দলবদ্ধ হয়ে চলাচল করা মাছ শিকার করে। স্ত্রী হাঙ্গরেরা বাচ্চা দিতে তীরের কাছাকাছি অগভীর পানিতে আসে।

(২৪-২৫ পৃষ্ঠায় দেখুন)

### ধূসর হাঙ্গর
**Sand tiger sharks**
Odontaspididae



- মুখ বন্ধ থাকলেও দাঁত দেখা যায়
- প্রথম ও দ্বিতীয় পিঠপাখনা একই আকারের
- লেজের নিচের পাখনা খুব ছোট আকারের

ধূসর হাঙ্গর আকারে বড় ও ধীরগতি সম্পন্ন হয়। এদের হালকা বাদামী পিঠে বিক্ষিপ্ত কালচে রঙের ফোঁটা রয়েছে।

এই মাইগ্রেটরি হাঙ্গরের বেশিরভাগই উপকূলীয় অগভীর বা প্রবাল সমৃদ্ধ পানিতে বাস করে। এরা বিভিন্ন প্রজাতির মাছ, চিংড়ি ও অন্যান্য নরম দেহ বিশিষ্ট প্রাণী শিকার করে খায়। স্ত্রী ধূসর হাঙ্গরেরা তাদের দু'টি জরায়ুর প্রতিটি থেকে একটি করে এক বছর পর পর দু'টি বাচ্চা দেয়।

(২৫ পৃষ্ঠায় দেখুন)

## হাতুড়ি ও বলি হাঙ্গর CARCHARHINIFORMES

৫ জোড়া ফুলকাছিদ্র, ২টি পিঠপাখনা, পায়ুপাখনা, মুখ চোখের অবস্থান থেকে সম্মুখে প্রসারিত, চোখের ভিতরের পর্দা স্বচ্ছ

### হাতুড়ি হাঙ্গর
**Hammerhead sharks**
Sphyrnidae



- মাথা সামনের দিকে চ্যাপ্টা এবং পাশের দিকে প্রসারিত
- প্রথম পিঠপাখনা ও লেজপাখনা বড়

হাতুড়ি আকৃতির মাথার কারণে বৃহদাকার এই হাঙ্গরগুলো হাতুড়ি হাঙ্গর নামে পরিচিত। চওড়া মাথার বাইরের প্রান্তে চোখগুলো থাকায় এরা সহজেই চারপাশের দৃশ্য দেখতে পায় যা শিকার খুঁজতে ও ধরতে সহায়তা করে। এদের বড় আকারের পাখনাসমূহ আকস্মিক এবং তীক্ষ্ণ বাঁক নিতে সাহায্য করে। এ পাখনাসমূহের বাজারমূল্য অনেক।

হাতুড়ি হাঙ্গর উপকূলীয় অগভীর পানি থেকে প্রায় ৫০০ মিটার গভীরতা পর্যন্ত বাস করে। এরা তীরের কাছাকাছি এবং ম্যানগ্রোভ এলাকায় বাচ্চা দেয় যেখানে সেগুলো বড় হয়। এরা বিভিন্ন প্রজাতির মাছ, অক্টোপাস ও স্কুইডসহ ডলফিন, শাপলাপাতা মাছ এবং অন্যান্য হাঙ্গরকে শিকার করে খায়।

(২৬-২৭ পৃষ্ঠায় দেখুন)

### বলি হাঙ্গর
**Requiem sharks**
Carcharhinidae



- লেজপাখনার গোঁড়ার উপরে ও নিচে খাঁজ রয়েছে
- নাকের বর্ধিতাংশ গোলাকার
- ঠোঁটের প্রান্তীয় ভাঁজগুলো আকারে ছোট

বিভিন্ন আকারের বলি হাঙ্গরের প্রথম পার্শ্বপাখনার দাগ ভিন্ন ভিন্ন হয়। অধিকাংশেরই চোখ গোলাকার এবং শ্বাসরন্ধ্র অনুপস্থিত।

এক স্থান থেকে অন্য স্থানে ভ্রমণ করা ব্যতীত বেশিরভাগ সময় বলি হাঙ্গরেরা উপকূলীয় অগভীর পানিতে বাস করে। এছাড়াও এরা নদী, মোহনা ও গভীর সমুদ্রে বাস করে। বলি হাঙ্গরেরা মূলত নানা প্রজাতির মাছ, অক্টোপাস এবং স্কুইড খায়, কেউ কেউ আবার কচ্ছপ, ডলফিন, বা অন্যান্য হাঙ্গর ও শাপলাপাতা মাছ শিকার করে।

(২৮-৩৮ পৃষ্ঠায় দেখুন)

### শিয়াল বলি হাঙ্গর
**Weasel sharks**
Hemigaleidae



- চোখ ডিম্বাকৃতির
- ঠোঁটের প্রান্তীয় ভাঁজগুলো লম্বা এবং মুখের পাশে দাঁড়ি নেই
- দ্বিতীয় পিঠপাখনা বড়
- লেজ পাখনায় ঢেউ খেলানো প্রান্ত রয়েছে
- সবগুলো পাখনা বাঁকানো

শিয়াল বলি হাঙ্গরেরা আকারে ছোট থেকে মাঝারি হয়। এদের শ্বাসরন্ধ্রগুলো আকারে ছোট, মুখ চোখ বরাবর প্রসারিত এবং ঠোঁটের প্রান্তীয় ভাঁজগুলো তুলনামূলক লম্বা।

এরা বেশিরভাগ ক্ষেত্রে উপকূলীয় অগভীর পানিতে বাস করে কিন্তু কখনো কখনো ১০০ মিটার গভীরতা পর্যন্ত পাওয়া যায়। এরা বিভিন্ন প্রজাতির ছোট মাছ, স্কুইড, চিংড়ি এবং ঝিনুক খায়।

(৩৯ পৃষ্ঠায় দেখুন)

## তিমি, গুলে, চিত্রা ও একশাখালেজী হাঙ্গর ORECTOLOBIFORMES

৫ জোড়া ফুলকাছিদ্র, ২টি পিঠপাখনা, পায়ুপাখনা, মুখ চোখের বরাবর থেকে সামনে অবস্থিত

### তিমি হাঙ্গর
**Whale sharks**
Rhincodontidae



- বৃহদাকার নীলচে শরীরে দাবার ছকের মতো সুবিন্যস্ত অসংখ্য ফোঁটা/দাগ থাকে
- বিশালাকার মুখ
- ফুলকাছিদ্রগুলো খুব বড়
- লেজপাখানার গোঁড়ায় শক্ত সুউচ্চ রেখা রয়েছে

তিমি হাঙ্গর পৃথিবীর সবচেয়ে বড় মাছ। এরা ১৫-২০ মিটার পর্যন্ত লম্বা হয়। এদের দেহে অসংখ্য সুবিন্যস্ত সাদা বা হলুদ ফোঁটা ও ডোরাকাটা দাগ থাকে যা প্রতিটি প্রাণীর ক্ষেত্রে আলাদা। ধীরগতিসম্পন্ন এই হাঙ্গর একা বা দলবদ্ধ হয়ে চলাচল করে। এরা ফুলকার সাহায্যে ছেঁকে ছোট আকারের মাছ, মাছের ডিম ও চিংড়িজাতীয় প্রাণী খায়।

(৪০ পৃষ্ঠায় দেখুন)

### গুলে হাঙ্গর
**Bamboo sharks**
Hemiscylliidae



- মুখের পাশের দাড়িগুলো আকারে ছোট
- দেহের দৈর্ঘ্যের তুলনায় লেজপাখনা লম্বা
- চোখের নিচে বড় শ্বাসরন্ধ্র রয়েছে

গুলে হাঙ্গরেরা আকারে ছোট সাধারণত এক মিটার পর্যন্ত লম্বা হয়। সরু আকৃতির এই হাঙ্গর নদীর মুখ, মোহনা এবং উপকূলীয় অগভীর পানিতে বাস করে। অল্প বয়স্ক হাঙ্গরদের দেহে সুস্পষ্ট নকশা থাকে যা বয়স বৃদ্ধির সাথে সাথে অদৃশ্য হয়ে যায়। এসকল হাঙ্গরেরা বেশিরভাগ সময় পানির তলদেশে কাটায় যেখানে তারা একা বিশ্রাম নেয় বা বিভিন্ন ছোট মাছ এবং খোলসযুক্ত বা খোলসহীন নরম দেহের প্রাণীদের শিকার করে।

(৪২-৪৩ পৃষ্ঠায় দেখুন)

### চিত্রা হাঙ্গর
**Zebra sharks**
Stegostomatidae



- দেহের পাশে ও পিঠের দিকে উঁচু রেখা বিদ্যমান
- লেজের উপরের পাখনা দেহের দৈর্ঘ্যের সমান লম্বা
- মুখের পাশের দাঁড়িগুলো আকারে ছোট

চিত্রা হাঙ্গরেরা আকারে ছোট এবং সুস্পষ্ট নকশাযুক্ত। এরা সাধারণত রাতে সক্রিয় থাকে এবং বেশিরভাগক্ষেত্রে প্রবাল সমৃদ্ধ এলাকায় বা ৬০ মিটার গভীরতা পর্যন্ত উপকূলীয় পানিতে বাস করে। এরা ছোট মাছ, শামুক, সামুদ্রিক আর্চিন এবং কাঁকড়া শিকার করে খায়।

(৪৪ পৃষ্ঠায় দেখুন)

### একশাখালেজী হাঙ্গর
**Nurse sharks**
Ginglymostomatidae



- মাথা চওড়া এবং নাকের ছিদ্র দু'টির মাঝে একজোড়া দাঁড়ি রয়েছে
- পিঠপাখনা দু'টি এবং প্রথম পার্শ্বপাখনা গোলাকার
- লেজপাখনা একটি ও চওড়া

একশাখালেজী হাঙ্গরেরা বিভিন্ন আকারের হয়, তবে সবারই ছোট মুখের চারপাশে দাঁড়ি এবং চোখের পিছনে ছোট শ্বাসরন্ধ্র থাকে। এরা প্রবাল সমৃদ্ধ বা ম্যানগ্রোভ অঞ্চলে সাধারণত ৫-৩০ মিটার গভীর উপকূলীয় পানিতে বাস করে। এরা বিভিন্ন প্রজাতির ছোট মাছ, কাঁকড়া, চিংড়ি, স্কুইড এবং অক্টোপাস সহ সমুদ্র তলদেশে বাসকারী অন্যান্য ছোট প্রাণীদের শিকার করে খায়।

(৪৪ পৃষ্ঠায় দেখুন)

# বাংলাদেশে প্রাপ্ত শাপলাপাতা মাছের প্রজাতিসমূহের বর্গ ও গোত্র সনাক্তকরণের উপায়

## করাত মাছ ও পিতাম্বরি RAJIFORMES

প্রথম পার্শ্বপাখনাসহ চ্যাপ্টা শরীর ছোট দেহচাকতির সাথে সংযুক্ত, দুটি পিঠপাখনা, শ্বাসরন্ধ্র চোখের কাছাকাছি, লেজকাঁটা নেই

### করাত মাছ PRISTIDAE

নাকের বর্ধিতাংশ করাতের মতো ও লম্বা

**করাত মাছ**
**Sawfishes**
Pristidae



- নাকের বর্ধিতাংশ দেখতে করাতের মতো
- পার্শ্বপাখনা প্রশস্ত
- লেজপাখনা আকারে বড় এবং লেজের নিচের পাখনা একেক প্রজাতির ক্ষেত্রে একেক রকম

সামান্য চ্যাপ্টা মাথা এবং ধড়/দেহের মাঝের অংশের আকৃতির জন্য করাত মাছ দেখতে কিছুটা হাঙ্গরের মতো। করাত মাছ সাধারণত উপকূলীয় অগভীর পানিতে ১০ মিটারেরও কম গভীরতায় বাস করে তবে বয়স্করা তীর থেকে দূরবর্তী পানিতেও থাকে। বেশিরভাগ করাত মাছ পাপ্স/বাচ্চা দিতে মোহনা, ম্যানগ্রোভ বা নদীর মুখে আসে যেখানে পাপ্স/বাচ্চাগুলো বেড়ে ওঠে। এরা পানির তলদেশে বাসকারী বিভিন্ন প্রজাতির মাছ, কাঁকড়া, চিংড়ি, ঝিনুক ও শামুক খায়।

(৫০-৫১ পৃষ্ঠায় দেখুন)

### পিতাম্বরি RHINOBATIFORMES

নাকের বর্ধিতাংশ চ্যাপ্টা ও গোলাকার এবং পিঠপাখনা ও লেজপাখনা জোড়া বড়

**শাখালেজী পিতাম্বরি**
**Wedgefishes**
Rhinidae



- হাঙ্গরের মতো দেখতে মোটা দেহ
- নাকের বর্ধিতাংশ কোদাল আকৃতির ও ফ্যাকাশে
- বড় কাস্তে আকৃতির প্রথম পিঠপাখনা প্রথম পার্শ্বপাখনার উপরে অবস্থিত
- লেজের নিচের পাখনা স্পষ্টভাবে পৃথক

শাখালেজী পিতাম্বরির দেহ আকারে বড় এবং নাকের বর্ধিতাংশ চ্যাপ্টা, লম্বা ও আধাস্বচ্ছ। বেশিরভাগের দেহে সাদা বা কালো দাগ/ফোঁটা রয়েছে যা বয়স বৃদ্ধির সাথে সাথে অদৃশ্য হয়ে যেতে পারে। এরা সাধারণত উপকূলীয় অগভীর, নদীর মুখের কাছাকাছি মোহনা এবং কিছুক্ষেত্রে গভীর পানিতে বাস করে তবে মিঠাপানিতে থাকে না। এরা কর্দমাক্ত বা বালুময় তলদেশে বিশ্রাম নেয় এবং সেখানকার কাঁকড়া ও চিংড়ি খায়।

(৫৪ পৃষ্ঠায় দেখুন)

**গোলনাক পিতাম্বরি**
**Shark rays/**
**Bowmouth guitarfish**
Rhinidae



- মাথা ও নাকের বর্ধিতাংশ চ্যাপ্টা ও গোলাকার
- একটি খাঁজ প্রথম পার্শ্বপাখনা থেকে মাথাকে আলাদা করেছে

ব্যাঙ হাঙ্গর/গোলনাক পিতাম্বরি বাংলাদেশে প্রাপ্ত একমাত্র হাঙ্গর-সদৃশ পিতাম্বরী। এরা তীরের কাছাকাছি উপকূলীয় অগভীর পানির তলদেশে বাস করে এবং সেখানকার কাঁকড়া ও চিংড়ি খায়।

(৫৮ পৃষ্ঠায় দেখুন)

### পিতাম্বরি ও বড় পিতাম্বরি



**Guitarfishes &**
**Giant guitarfishes**
Rhinobatidae & Glaucostegiidae

- মোটা, হাঙ্গর-সদৃশ দেহ
- নাকের বর্ধিতাংশ কোদাল আকৃতির ও ফ্যাকাশে
- প্রথম পিঠপাখনা দ্বিতীয় পার্শ্বপাখনার অনেক পিছনে অবস্থিত
- লেজপাখনা একত্রিত, শাখাযুক্ত নয়
- পিতাম্বরির পাখনাসমূহ মসৃণ তবে বড় পিতাম্বরির পাখনাসমূহ অমসৃণ

পিতাম্বরির নাকের বর্ধিতাংশ বড় ত্রিকোণাকার যা প্রজাতিভেদে ভিন্ন ।অনেক পিতাম্বরির পিঠ, কাঁধ, নাকের বর্ধিতাংশ বা চোখের কাছে নকশা, দাগ বা কাঁঠালকাঁটা সদৃশ কাঁটার মতো ছোপ রয়েছে। এরা সাধারণত মোহনা ও নদীর মুখের কাছাকাছি বাস করে তবে মিঠাপানিতে থাকে না। এরা কর্দমাক্ত বা বালুময় তলদেশে বিশ্রাম নেয় এবং সেখানকার কাঁকড়া, চিংড়ি ও ছোট মাছ খায়।

(৫৫-৫৮ পৃষ্ঠায় দেখুন)

## কারেন্ট মাছ TORPEDINIFORMES

দেহ গোলাকার, পিঠপাখনা দু'টি শক্তিশালী লেজের উপর অবস্থিত, বৈদ্যুতিক শক দিতে পারে

### কারেন্ট মাছ



**Numbfishes**
Narcinidae

- দেহচাকতি ও নাকের বর্ধিতাংশ ছোট ও গোলাকার
- দেহচাকতিতে শিমের বীজ আকৃতির অঙ্গ দৃশ্যমান যা বৈদ্যুতিক শক দেয়
- মুখের চারপাশে গভীর খাঁজ রয়েছে

কারেন্ট মাছ আকারে ছোট এবং এদের মোটা ও মসৃণ দেহে নানা রঙের নকশা দেখা যায়। এদের লেজ দেহের দৈর্ঘ্যের তুলনায় লম্বা। প্রাপ্তবয়স্করা গভীর সামুদ্রিক পানিতে বাস করে কিন্তু বাচ্চা দিতে অগভীর লোনা পানিতে আসে। ধীরগতিসম্পন্ন কারেন্ট মাছেরা পানির তলদেশে বসবাসকারী কেঁচোজাতীয় প্রাণী ও ছোট মাছ খায়।

(৫৯-৬১ পৃষ্ঠায় দেখুন)

### একপাখনা কারেন্ট মাছ



**Sleeper rays**
Narkidae

- দেহচাকতি, নাকের বর্ধিতাংশ ও পার্শ্বপাখনা আকারে ছোট, চ্যাপ্টা ও গোলাকার
- মুখের ঠিক সামনে নাকের ছিদ্র অবস্থিত
- পিঠপাখনা একটি
- মুখের চারপাশে অগভীর খাঁজ রয়েছে

একপাখনা কারেন্ট মাছ আকারে বেশ ছোট এবং দেখতে কারেন্ট মাছের মতো তবে একরঙা। কারেন্ট মাছের মতো এরা নিজেদের রক্ষা বা শিকারকে অচেতন করতে বৈদ্যুতিক শক তৈরি করতে পারে।

(৬১ পৃষ্ঠায় দেখুন)

# ঠুইট্যা, শিংচোয়াইন, পদুনি ও শাপলাপাতা মাছ MYLIOBATIFORMES

## ঠুইট্যা ঘাপরি
**Eagle rays**
Myliobatidae



- মাথা খাটো
- নাকের বর্ধিতাংশ খাটো ও গোলাকার
- লেজকাঁটা নেই

ঠুইট্যা ঘাপরি মাঝারি থেকে বড় আকারের শাপলাপাতা মাছ। এদের চওড়া ও ত্রিকোনাকার প্রথম পার্শ্বপাখনা চোখের ঠিক নিচে মাথার সাথে যুক্ত থাকে। এদের মাথা সরু এবং নাকের বর্ধিতাংশ ঈগলের ঠোঁটের মতো। এদের লেজ খুব লম্বা, চিকন ও কাঁটাবিহীন।

এরা উপকূলীয় কম লবনাক্ত পানিতে একা বা দলবদ্ধ হয়ে বাস করে। এরা পানির তলদেশে চলাচল করে ও সেখানকার শক্ত খোলসযুক্ত ঝিনুক, কাঁকড়া, চিংড়ি, কেঁচোজাতীয় প্রাণী ও নানা প্রজাতির ছোট মাছ খায়।

(৬২-৬৩ পৃষ্ঠায় দেখুন)

## ফুল ঠুইট্যা ঘাপরি
**Pelagic eagle rays**
Aetobatidae



- মাথা লম্বা
- নাকের বর্ধিতাংশ খাটো ও ঈগলের ঠোঁটের মতো
- লেজকাঁটা বড়

ফুল ঠুইট্যা ঘাপরির নাকের ছিদ্রের ভিতরে একটি গভীর V-আকৃতির খাঁজ রয়েছে, যা অন্যান্য ঠুইট্যা ঘাপরির ক্ষেত্রে দেখা যায় না। প্রথম পার্শ্বপাখনার মুক্ত প্রান্ত গোলাকার।

এরা উপকূলীয় অগভীর পানি, গভীর সমুদ্র বা প্রবাল সমৃদ্ধ এলাকায় বাস করে। এরা মূলত ঝিনুক, কাঁকড়া, চিংড়ি ও ছোট মাছ খায়।

(৬৪ পৃষ্ঠায় দেখুন)

## শিংচোয়াইন
**Devil rays**
Mobulidae



- মাথার সামনের দিকে শিং-এর মতো দু'টি পাখনা থাকে
- মুখ খুব প্রশস্ত
- পাখির ডানার মতো দেখতে পার্শ্বপাখনা দু'টি বড় ও সুচালো প্রান্তবিশিষ্ট

শিংচোয়াইন মাছের মাথার সামনের দিকে শিং-এর মতো দুটি পাখনা থাকে যা মুখে পানি প্রবেশ করানোর জন্য ব্যবহৃত হয়। এদের হীরা আকৃতির দেহের পার্শ্বপাখনা দু'টি বড় ও সুচালো প্রান্তবিশিষ্ট যা পাখির ডানার মতো ব্যবহার করে এরা চলাচল করে। বিশেষ ধরনের ফুলকা দিয়ে পানি ছেঁকে এরা গভীর সমুদ্রের নানা প্রজাতির ছোট মাছ ও ক্ষুদ্রাতিক্ষুদ্র জীব খায়।

(৬৬-৬৮ পৃষ্ঠায় দেখুন)

দেহ চ্যাপ্টা এবং প্রথম পার্শ্বপাখনা বড় যা মাথা ও দেহচাকতির সাথে সংযুক্ত, পিঠপাখনা ছোট বা অনুপস্থিত, চাবুকের মতো লেজ যা এক বা একাধিক কাঁটাবিশিষ্ট।

## ভোঁতানাক ঘাপরি
**Cownose rays**
Rhinopteridae



- নাকের বর্ধিতাংশ একটি গভীর খাঁজ দ্বারা দুটি বড় স্ফীত অংশে বিভক্ত
- লেজে এক বা একাধিক ছোট কাঁটা রয়েছে

মাঝারি আকারের ভোঁতানাক ঘাপরির দেহ লম্বার তুলনায় চওড়ায় বড় এবং নাকের বর্ধিতাংশে একটি গভীর খাঁজ বিদ্যমান। এদের একটি ছোট পিঠপাখনা এবং এক বা একাধিক ছোট কাঁটাযুক্ত লম্বা লেজ রয়েছে। তবে দেহের অন্য অংশের মসৃণ ত্বকে কোনো কাঁটা নেই।

এরা উপকূলীয় অগভীর, মোহনা বা গভীর পানিতে বাস করে। এরা সাধারণত শক্তিশালী চোয়াল দিয়ে চূর্ণ করে শক্ত খোলসযুক্ত প্রাণীদের খায়।

(৬৯ পৃষ্ঠায় দেখুন)

## প্রজাপতি/বাদুড়/পদুনি/পদ্মমামনি
**Butterfly rays**
Gymnuridae



- দেহচাকতি দৈর্ঘ্যের তুলনায় প্রস্থে বড়
- লেজের কালো দাগগুলো প্রজাতিভেদে আলাদা

তুলনামূলক ছোট আকারের প্রজাপতি/বাদুড়/পদুনি/পদ্মমামনি শাপলাপাতা মাছের দেহ প্রজাপতির মতো চওড়া হয়। এদের খাটো ও সরু লেজে সাধারণত কালো দাগ থাকে যা প্রজাতিভেদে ভিন্ন। এদের চামড়া মসৃণ, লেজের শুরুতে একটি ছোট পিঠপাখনা এবং কয়েকটি কাঁটা থাকে। এরা মোহনা ও উপকূলীয় অগভীর পানিতে বাস করে তবে প্রজননের সময় মোহনায় অবস্থান করে। এরা সাধারণত চিংড়ি, কাঁকড়া ও ঝিনুক খায়।

(৭০-৭১ পৃষ্ঠায় দেখুন)

## শাপলাপাতা মাছ
**Stingrays & Whiprays**
Dasyatidae



- গোলাকার, ডিম্বক বা হীরা আকৃতির দেহচাকতি প্রস্থের তুলনায় দৈর্ঘ্যে বড়
- সরু লেজ দৈর্ঘ্যে দেহচাকতির চেয়ে বড় এবং শেষপ্রান্তে পাতলা
- পিঠ ও লেজপাখনা নেই

এসকল শাপলাপাতা মাছেরা একটি বড় পরিবারের সদস্য এবং আকার, আকৃতি ও রঙে বিভিন্ন ধরনের হয়। এদের মাথা দেহচাকতির অংশ। অনেক প্রজাতির সরু ও লম্বা লেজে এক বা একাধিক কাঁটা থাকে এবং লেজের গোঁড়ায় ছোট দ্বিতীয় পার্শ্বপাখনা থাকে। শাপলাপাতা মাছের বেশিরভাগই উপকূলীয় অগভীর পানিতে বাস করে তবে ৪০০ মিটার গভীরতায়ও থাকতে পারে। আবার কেউ কেউ নদী ও মোহনায় বাস করে। এরা সাধারণত চিংড়ি, কাঁকড়া, কেঁচোজাতীয় প্রাণী ও নানা প্রজাতির ছোট মাছ খায়।

(৭২-৮৪ পৃষ্ঠায় দেখুন)

# বাংলাদেশে প্রাপ্ত হাঙ্গরের প্রজাতিসমূহ সনাক্তকরণ

## বড়চোখা কাস্তে হাঙ্গর
**Bigeye thresher**
*Alopias superciliosus*

VU CITES II

TL: জন্ম = ৬৪-১৪০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৪৫-৩০০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৮২-৩৫৫,
সর্বোচ্চ = ৪৮৪




## নীল কাস্তে হাঙ্গর
**Pelagic thresher**
*Alopias pelagicus*

EN CITES II

TL: জন্ম = ১৫৮-১৯০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৫০-৩০০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৫০-৩০০,
সর্বোচ্চ = ৩৬৫



## সাদাপাখ কাস্তে হাঙ্গর
**Common thresher**
*Alopias vulpinus*

VU · CITES II

TL: জন্ম = ১২০-১৫০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৬০-৪২০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৬০-৪৬৫,
সর্বোচ্চ = ৫৭৩






VU · CITES II

**বড়চোখা কাস্তে হাঙ্গর**
**Bigeye thresher**
*Alopias superciliosus*

## ছোটপাখ ম্যাকো হাঙ্গর
**Shortfin mako**
*Isurus oxyrinchus*

EN CITES II

TL: জন্ম = ৬০-৭০,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৬৬-২০৪,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৬৫-৩১২,
সর্বোচ্চ = ৪৪৫




## বড়পাখ ম্যাকো হাঙ্গর
**Longfin mako**
*Isurus paucus*

EN CITES II

TL: জন্ম = ৯৭-১২০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২২৫-২৪৫,
প্রাপ্তবয়স্ক ♀ > ২৪৫,
সর্বোচ্চ = ৪২৭



## সাদা হাঙ্গর
**White shark**
*Carcharodon carcharias*

VU CITES II

TL: জন্ম = ১২০-১৫০,
প্রাপ্তবয়স্ক ♂ = ৩১০-৪১০,
প্রাপ্তবয়স্ক ♀ = ৪০০-৫০০,
সর্বোচ্চ = ৬০০-৬৪০




## ধূসর বাঘা হাঙ্গর
**Sand tiger shark**
*Carcharias taurus*

CR

TL: জন্ম = ৮৫-১০৫,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৯০-২০০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২০০-২৩৫,
সর্বোচ্চ = ৩২৫



## খাঁজকাটা হাতুড়ি হাঙ্গর
**Scalloped hammerhead**
*Sphyrna lewini*

CR | CITES II

TL: জন্ম = ৩১-৫৭,
প্রাপ্তবয়স্ক ♂ = ২০০-২৫০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২০০-২৫০,
সর্বোচ্চ = ৩৭০-৪২০




## খাঁজহীন হাতুড়ি হাঙ্গর
**Smooth hammerhead**
*Sphyrna zygaena*

VU | CITES II

TL: জন্ম = ৪৯-৬৩,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৫০-২৬০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৪৬-২৬৫,
সর্বোচ্চ = ৩৭০-৪০০



## বড়পাখ হাতুড়ি হাঙর
**Great hammerhead**
*Sphyrna mokarran*

CR CITES II

TL: জন্ম = ৫০-৭০, প্রাপ্তবয়স্ক ♂ = ২২৫-২৬৯, প্রাপ্তবয়স্ক ♀ = ২১০-৩০০, সর্বোচ্চ = ৫৫০-৬১০




## লম্বামাথা হাতুড়ি হাঙর
**Winghead shark**
*Eusphyra blochii*

EN

TL: জন্ম = ৪৫, প্রাপ্তবয়স্ক ♂ = ১০৮, প্রাপ্তবয়স্ক ♀ = ১২০, সর্বোচ্চ = ১৮৬



## আঠাইল্যা/সোনালী লতাবলি হাঙ্গর
**Grey sharpnose shark**
*Rhizoprionodon oligolinx*

NT

TL: জন্ম = ২১-৩০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৯-৫৩,
প্রাপ্তবয়স্ক ♀ = ৩২-৪১,
সর্বোচ্চ = ৯৩




## সাদা লতাবলি হাঙ্গর
**Milk Shark**
*Rhizoprionodon acutus*

VU

TL: জন্ম = ২৫-৪৫,
প্রাপ্তবয়স্ক ♂ = ৫৪-৮২,
প্রাপ্তবয়স্ক ♀ = ৬২-৯২,
সর্বোচ্চ < ১১০



## শক্তমাথা লতাবলি হাঙ্গর
**Hardnose shark**
*Carcharhinus macloti*

NT

TL: জন্ম = ৪০-৪৯,
প্রাপ্তবয়স্ক ♂ = ৬৯-৭৪,
প্রাপ্তবয়স্ক ♀ = ৭০-৮৯,
সর্বোচ্চ = ১১০




## ছুরি/কোদালনাক হাঙ্গর
**Spadenose shark**
*Scoliodon laticaudus*

NT

TL: জন্ম = ১২-১৫,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৪-৩৬,
প্রাপ্তবয়স্ক ♀ = ৩৩-৩৫,
সর্বোচ্চ = ৯১



## সাদাগাল হাঙ্গর
**Whitecheek shark**
*Carcharhinus dussumieri*

EN

TL: জন্ম = ২৮-৪০,
প্রাপ্তবয়স্ক ♂ = ৭২,
প্রাপ্তবয়স্ক ♀ = ৮০,
সর্বোচ্চ = ১০০




## সরুচোখা হাঙ্গর
**Sliteye shark**
*Loxodon macrorhinus*

NT

TL: জন্ম = ৪০-৪৫,
প্রাপ্তবয়স্ক ♂ = ৬২-৬৬,
প্রাপ্তবয়স্ক ♀ = ৭৯,
সর্বোচ্চ = ৯৯



## সাদাপাখ বলি হাঙর
**Whitetip reef shark**
*Triaenodon obesus*

VU

TL: জন্ম = ৫২-৬০,
প্রাপ্তবয়স্ক ♂ = ১০৫,
প্রাপ্তবয়স্ক ♀ = ১০৫,
সর্বোচ্চ = ২০০




## দাগহীন বলি হাঙর
**Sharptooth lemon shark**
*Negaprion acutidens*

EN

TL: জন্ম = ৬০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২২০-২৪০,
প্রাপ্তবয়স্ক ♀ = ২২০-২৪০,
সর্বোচ্চ = ৩৪০



## লতাবলি হাঙ্গর
**Blacktip shark**
*Carcharhinus limbatus*

VU

TL: জন্ম = ৩৮-৭২,
প্রাপ্তবয়স্ক ♂ = ১২৫-২০১,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৪৫-২০৭,
সর্বোচ্চ = ২৮৬






## কালোডগা লতাবলি হাঙ্গর
**Blacktip reef shark**
*Carcharhinus melanopterus*

VU

TL: জন্ম = ৩০-৫০,
প্রাপ্তবয়স্ক ♂ = ৯০-১৩৪,
প্রাপ্তবয়স্ক ♀ = ৯০-১৩৪,
সর্বোচ্চ = ১৮০





## কালো লতাবলি হাঙ্গর
**Spinner shark**
*Carcharhinus brevipinna*

VU

TL: জন্ম = ৪৮-৮০,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৭০-২২০,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৬০-২২২,
সর্বোচ্চ = ৩০৪




## কালোলেজী লতাবলি হাঙ্গর
**Spottail shark**
*Carcharhinus sorrah*

NT

TL: জন্ম = ৪৪-৭২,
প্রাপ্তবয়স্ক ♂ = ১০৬-১০৯,
প্রাপ্তবয়স্ক ♀ = ১১০-১১৮,
সর্বোচ্চ = ১৯৬



## বলি/ঘ-বলি হাঙ্গর
**Bull shark**
*Carcharhinus leucas*

VU

TL: জন্ম = ৫৬-৮১,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৫৭-২২৬,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৮০-২৩০,
সর্বোচ্চ = ৩৪০-৩৬৬




## ভোঁতা বলি হাঙ্গর
**Pigeye shark**
*Carcharhinus amboinensis*

VU

TL: জন্ম = ৪৮-৭২,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৯৫-২২৭,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৯৫-২২৪,
সর্বোচ্চ = ২৮০



## বড়চোখা বলি হাঙ্গর
**Pondicherry shark**
*Carcharhinus hemiodon*

TL: জন্ম < ৩২,
প্রাপ্তবয়স্ক ♂ = ?,
প্রাপ্তবয়স্ক ♀ = ?,
সর্বোচ্চ = ১০২




## গাঙ্গেয় চিনারি হাঙ্গর
**Ganges shark**
*Glyphis gangeticus*

TL: জন্ম = ৫৬-৬১,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৭৮,
প্রাপ্তবয়স্ক ♀ = ?,
সর্বোচ্চ = ২৬৬



## বড়পাখ চিনারি হাঙ্গর
**Broadfin shark**
*Lamiopsis temminckii*

TL: জন্ম = ৪২-৬৫,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৩৭,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৪৩,
সর্বোচ্চ = ১৭৮




## সাদা লতাবলি হাঙ্গর
**Graceful shark**
*Carcharhinus amblyrhynchoides*

TL: জন্ম = ৫০-৬০,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৪০,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৬৭,
সর্বোচ্চ = ১৭৮



## সাদাডগা হাঙ্গর
**Oceanic whitetip shark**
*Carcharhinus longimanus*

CR CITES II

TL: জন্ম = ৫৫-৭৭,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৬৮-১৯৮,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৭৫-২২৪,
সর্বোচ্চ = ৩৫০




## নীল হাঙ্গর
**Blue shark**
*Prionace glauca*

NT

TL: জন্ম = ৩৫-৬০,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৮৩-২১৮,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৮৩-২২১,
সর্বোচ্চ = ৩৮০



## রেশমি হাঙর
**Silky shark**
*Carcharhinus falciformis*

VU CITES II

TL: জন্ম = ৬৫-৮১,
প্রাপ্তবয়স্ক ♂ = ১৮০-২৩০,
প্রাপ্তবয়স্ক ♀ = ১৮০-২৪৬,
সর্বোচ্চ = ২২৯-৩৭১




## বাঘা/চিত্রা বলি হাঙর
**Tiger shark**
*Galeocerdo cuvier*

NT

TL: জন্ম = ৫১-৯০,
প্রাপ্তবয়স্ক ♂ = ২৫০-৩০৫,
প্রাপ্তবয়স্ক ♀ = ২৭৪-৩৪৫,
সর্বোচ্চ = ৭৪০



## শিয়াল বলি হাঙ্গর
**Snaggletooth shark**
*Hemipristis elongata*

VU

TL: জন্ম = ৪৫-৫৩,
প্রাপ্তবয়স্ক ♂ = ১১০-১৪৫,
প্রাপ্তবয়স্ক ♀ = ১১০-১৭০,
সর্বোচ্চ = ২৩০-২৪০




## বড়শিদাতী হাঙ্গর
**Hooktooth shark**
*Chaenogaleus macrostoma*

VU

TL: জন্ম = ২০,
প্রাপ্তবয়স্ক ♂ = ৭২,
প্রাপ্তবয়স্ক ♀ = ৬৮-৯৭,
সর্বোচ্চ = ১২৫



## তিমি হাঙ্গর
**Whale shark**
*Rhincodon typus*

EN

CITES II

TL: জন্ম = ৫৫-৬৪,
প্রাপ্তবয়স্ক ♂ = ৮০০-১০০০,
প্রাপ্তবয়স্ক ♀ = ৬০০-৯০০,
সর্বোচ্চ = ১৭০০-২১০০

তিমি হাঙ্গরেরা অত্যন্ত ধীরগতিতে বৃদ্ধি পায়। প্রায় ২৫ বছর বয়সে ৭-৯ মিটার লম্বা হলে পুরুষ হাঙ্গর এবং প্রায় ৩০-৪০ বছর বয়সে ৯ মিটার লম্বা হলে স্ত্রী তিমি হাঙ্গর পূর্ণবয়স্ক হয়।






তিমি হাঙ্গর
**Whale shark**
*Rhincodon typus*

© WCS Indonesia

## খাঁজওয়ালা গুলে হাঙর
**Burmese bambooshark**
*Chiloscyllium burmensis*

VU

TL: জন্ম = ?,
প্রাপ্তবয়স্ক ♂ = ৬৪.৫,
প্রাপ্তবয়স্ক ♀ = ৫৪.৬,
সর্বোচ্চ = ?






## ধূসর গুলে হাঙর
**Grey bambooshark**
*Chiloscyllium griseum*

VU

TL: জন্ম < ১২,
প্রাপ্তবয়স্ক ♂ = ৪৫-৫৫,
প্রাপ্তবয়স্ক ♀ = ?,
সর্বোচ্চ = ৭৭





## ইন্দোনেশিয়ান গুলে হাঙ্গর
**Indonesian Bambooshark (Hasselt's Bambooshark)**
